# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/১০৯৯ তারিখ ঃ ১৬ আগস্ট ২০২৬ খ্রি.

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জন্য **স্থায়ী** ভিত্তিতে জনবল নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| পদের নাম, বেতনস্কেল ও গ্রেড | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| (১) পরিচালক (পওউ) (৫৬৫০০-৭৪৪০০) (গ্রেড-৩) | ১টি | প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতকসহ স্নাতকোত্তর/ সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের উভয়টিতে ১ম শ্রেণি প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। প্রার্থীর কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে উপ-পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস) অথবা সমমানের পদে ০৮(আট) বছর কিংবা অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস) অথবা সমমানের পদে ০৫(পাঁচ) বছর চাকুরির অভিজ্ঞতাসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ১ম শ্রেণির পদে কমপক্ষে ১৫(পনের) বছর চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে যার মধ্যে অন্তত ১০(দশ) বছর পরিকল্পনা ও উন্নয়ন/ প্রকৌশল সংক্রান্ত কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনুর্ধ ৫০ বছর। |
| (২) পরীক্ষা নিয়ন্ত্রক (৫৬৫০০-৭৪৪০০) (গ্রেড-৩) | ১টি | প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে স্নাতকসহ স্নাতকোত্তর/ সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে নূন্যতম দ্বিতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের উভয়টিতে ১ম শ্রেণি প্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে। প্রার্থীর কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক অথবা সমমানের পদে ০৮(আট) বছর কিংবা অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক অথবা সমমানের পদে ০৫(পাঁচ) বছর চাকুরির অভিজ্ঞতাসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ১ম শ্রেণির পদে কমপক্ষে ১৫(পনের) বছর চাকুরির অভিজ্ঞতা থাকতে হবে যার মধ্যে অন্তত ১০(দশ) বছর প্রশাসন/ শিক্ষা/ পরীক্ষা সংক্রান্ত কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স অনুর্ধ ৫০ বছর। |

*****উপর্যুক্ত শর্ত পূরণ সাপেক্ষে গত ১৩ সেপ্টেম্বর ২০২৫ খ্রি. তারিখের পাবিপ্রবি/সংস্থাপন/২৮২/১১৬৬ স্মারকমূলে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী ইতোপূর্বে যারা 'পরিচালক (পওউ)' এবং 'পরীক্ষা নিয়ন্ত্রক' পদে আবেদন করেছেন, তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। তবে কোন প্রার্থীর যদি উক্ত আবেদনে প্রেরিত তথ্যাদি আপডেট করার প্রয়োজন হয়, তবে তাঁর আপডেটেড তথ্যসহ ০৮(আট) সেট আবেদনপত্র জমা দিতে হবে; সেক্ষেত্রে কোন ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার প্রয়োজন হবে না।**

শর্তাবলী ঃ

১) **আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ১০ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.।** সকল আবেদনপত্র রেজিস্ট্রার, পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজাপুর, পাবনা বরাবরে উক্ত তারিখের (**১০ সেপ্টেম্বর ২০২৬ খ্রি.**) মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে (৯:০০টা থেকে ৫:০০টা) কেবলমাত্র ডাকযোগে পৌঁছাতে হবে।

২) আবেদনের জন্য বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট (**www.pust.ac.bd**)-এ প্রদত্ত ফরমেটে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত ডকুমেন্টগুলো অবশ্যই সংযুক্ত করতে হবে এবং প্রার্থীকে আবেদনপত্রে স্বাক্ষর করতে হবে ঃ
(ক) সদ্যতোলা পাসপোর্ট আকারের ০৮(আট) কপি রঙিন ছবি (খ) শিক্ষাগত যোগ্যতা সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (গ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধনের সত্যায়িত অনুলিপি (ঘ) অভিজ্ঞতা (বেতনক্রমসহ) সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) (ঙ) প্রকাশনা ও প্রশিক্ষণ সংশ্লিষ্টে সকল সনদের সত্যায়িত অনুলিপি (যদি থাকে বা প্রযোজ্য ক্ষেত্রে) (চ) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।

৩) (ক) সকল পদের প্রার্থীদের জন্য ০৮(আট) সেট আবেদনপত্র জমা দিতে হবে।
(খ) মূল আবেদনপত্রের সাথে নিজ ঠিকানা সম্বলিত ১০/-(দশ) টাকার ডাকটিকিটসহ ফেরত খাম সংযুক্ত করতে হবে।

৪) উর্দ্ধতন পদসমূহে (জাতীয় বেতন স্কেল-২০১৫ এর গ্রেড-৯ এর উর্দ্ধে) নিয়োগের সকল ক্ষেত্রে অভ্যন্তরীণ/বিভাগীয় প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ব্যতীত নিয়োগ নীতিমালার যে কোন একটি শর্ত শিথিলযোগ্য।

৫) গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে প্রথম শ্রেণির সমমান বলতে এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান এর ক্ষেত্রে জিপিএ/ সিজিপিএ ৫.০০ এর জন্য কমপক্ষে ৩.৫০ এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে জিপিএ/ সিজিপিএ ৪.০০ এর জন্য কমপক্ষে ৩.০০ বুঝাবে এবং দ্বিতীয় শ্রেণির সমমান বলতে এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান এর ক্ষেত্রে জিপিএ/ সিজিপিএ ৫.০০ এর জন্য ২.৫০ এবং স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে জিপিএ/ সিজিপিএ ৪.০০ এর জন্য কমপক্ষে ২.২৫ বুঝাবে। নিয়োগের ক্ষেত্রে শিক্ষা জীবনের কোন পর্যায়ে তৃতীয় বিভাগ/শ্রেণি/ সমমানের গ্রেড (৫.০০ এর মধ্যে ২.৫০ এবং ৪.০০ এর মধ্যে ২.২৫) এর নিচে গ্রহণযোগ্য হবে না এবং বিদেশী ডিগ্রির ক্ষেত্রে ইউজিসি কর্তৃক সমতুল্য সনদ থাকতে হবে/ বিশ্ববিদ্যালয় সমতূল্য সনদ (Equivalence committee) কর্তৃক সুপারিশকৃত হতে হবে।

৬) চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৭) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তান প্রার্থীদেরকে সর্বশেষ সরকারি নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্রসহ আবেদনপত্র দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

৮) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্ব প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৯) প্রত্যেক প্রার্থীর তাঁর প্রার্থিত পদের নাম এবং মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে প্রযোজ্য অংশটি খামের উপর স্পষ্ট করে লিখতে হবে।

১০) প্রাপ্ত দরখাস্তসমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র যোগ্য প্রার্থীদেরকে লিখিত পরীক্ষা/ মৌখিক পরীক্ষা/ জবটেস্ট এ ডাকা হবে। এর জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১) **পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়**-এর অনুকূলে জনতা ব্যাংক লিমিটেড-এর যে কোন শাখা হতে সকল পদের প্রার্থীদের ৬০০/- টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।

১২) কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল কিংবা সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

অধিকতর যোগ্যতা সম্পন্ন/ বিভাগীয় প্রার্থী/ পাবলিক বিশ্ববিদ্যালয়ে এতদসংশ্লিষ্ট অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক পদের অনুমোদন সাপেক্ষে কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৬/০৮/২০২৬
রেজিস্ট্রার
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
পাবনা।